



২৫ এপ্রিল ২০১৯

## প্রেস বিজ্ঞপ্তি

### শ্রীলংকায় সংগঠিত সহিংসতার ঘটনায় নিন্দা প্রকাশ

এ সপ্তাহে শ্রীলংকায় ভয়াবহ বোমা হামলায় হত্যাকাণ্ডের প্রতি ব্লাস্ট তীব্র নিন্দা প্রকাশ করছে এবং বাংলাদেশের নাগরিক জায়ান চৌধুরীসহ সকল নিহতের পরিবার যারা তাদের প্রিয়জনকে হারিয়েছেন তাদের সাথে একাত্মতা প্রকাশ করছে। মানবাধিকার, ধর্মীয় স্বাধীনতা ও চিন্তার প্রতি শ্রদ্ধাশীল হয়ে সকলের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করতে দ্রুত পদক্ষেপ নেবার জোর দাবী জানাচ্ছে।



ছবি: এফবিসিসিআই

### জুলহাজ এবং তনয়ের জন্য ন্যায়বিচারের দাবী

‘রূপবান’ ম্যাগাজিনের প্রতিষ্ঠাতা ও প্রকাশক, জুলহাজ মান্নান (৩০), এবং মাহবুব রাব্বি তনয়ের হত্যাকারীদের বিচারের ক্রমাগত ব্যর্থতায় আমরা গভীর উদ্বেগ প্রকাশ করছি এবং জরুরী পদক্ষেপ নেবার দাবী জানাচ্ছি। আমরা জুলহাজ ও তনয়ের পরিবার এবং বন্ধু বান্ধবের সাথে একাত্মতা প্রকাশ করছি এবং প্রত্যেক নাগরিকের স্বাধীনভাবে জীবন-যাপনের অধিকার রক্ষায় পদক্ষেপ নেবার দাবী জানাচ্ছি।



ছবি: উইকিপিডিয়া

২৫ এপ্রিল ২০১৬ ইং কলাবাগানে জুলহাজের ফ্ল্যাটে, জুলহাজ এবং তনয়কে ছুরিকাঘাত করে হত্যা করা হয়। কেবল তার কিছুদিন আগে বাংলা নববর্ষে ইসলামী চরমপন্থীদের হুমকিতে জুলহাজের আয়োজিত ‘রেইনবো র্যালি’ বাতিল করা হয়।

বিভিন্ন সংবাদ মাধ্যম হতে জানা যায়, ২৬ এপ্রিল ২০১৬ ইং জুলহাজের ভাই কলাবাগান থানায় একটি এফ.আই.আর দায়ের করেন এবং পরবর্তীতে পুলিশ একটি হত্যা এবং একটি অস্ত্র মামলা নথিভুক্ত করেন। সম্প্রতি সংবাদ মাধ্যম থেকে জানা যায় যে জানুয়ারী ২০১৯ ইং, পুলিশ একজন প্রধান সন্দেহভাজন ব্যক্তিকে গ্রেফতার করে এবং তার কিছুদিন পূর্বে এই হত্যাকাণ্ডের সাথে জড়িত আরও ৩ জনকে গ্রেফতার করে। এতদসত্ত্বে দেখা যায় যে, পুলিশের তদন্ত প্রতিবেদন প্রদানের তারিখ ৩৪ বার বিলম্বিত হয়েছে। অতি সম্প্রতি ১৬ই এপ্রিল ২০১৯ ইং এই মামলার শুনানির তারিখ ছিল।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা, কমিউনিকেশনস স্পেশালিস্ট, ব্লাস্ট

ফোন: ০১৭১২১৪৬৯৪২

ইমেইল: [asma@blast.org.bd](mailto:asma@blast.org.bd)